

# 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২২৭২

৩২/ স্বপ্ন ও তার তাৎপর্য (ﷺ)

পরিচ্ছেদঃ ২, নাবুওয়াতের ধারা সমাপ্ত হয়ে গেছে এবং সুসংবাদ প্রদানের ধারা অব্যাহত আছে

### আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بُنُ مُحَمَّدِ الزَّعْفَرَانِيُّ، حَدَّثَنَا عَفَّانُ بُنُ مُسْلِمٍ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ يَعْنِي ابْنَ زِيَادٍ، حَدَّثَنَا الْمُخْتَارُ بُنُ فُلْفُل، حَدَّثَنَا أَنَسُ بْنُ مَالِك، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ الرِّسَالَةَ وَالنُّبُوَّةَ قَدِ انْقَطَعَتْ فَلاَ رَسُولَ بَعْدِي وَلاَ نَبِيَّ ". قَالَ فَشَقَّ ذَلِكَ عليه وسلم " إِنَّ الرِّسَالَةَ وَالنُّبُوَّةَ قَدِ انْقَطَعَتْ فَلاَ رَسُولَ بَعْدِي وَلاَ نَبِيَّ ". قَالَ فَشَقَّ ذَلِكَ عَلَى النَّاسِ فَقَالَ " لَكِنِ الْمُبَشِّرَاتُ ". قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَمَا الْمُبَشِّرَاتُ قَالَ " رُوْيًا عَلَى النَّاسِ وَهِي جُزْءٌ مِنْ أَجْزَاءِ النَّبُوَّةِ ". وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَحُذَيْفَةَ بْنِ أَسِيدٍ وَابْنِ عَبْاسٍ وَأُمِّ كُرْدٍ . قَالَ هَذَا حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ حَدِيثِ الْمُخْتَارِ بْن فُلْفُل .

#### বাংলা

২২৭২। আনাস ইবনু মালিক (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রিসালাত ও নাবুওয়াতের ধারাবাহিকতা অবশ্যই সমাপ্ত হয়ে গেছে। অতএব, আমার পরে আর কোন রাসূলও প্রেরিত হবে না এবং নবীও আসবে না। বর্ণনাকারী বলেন, বিষয়টি জনগণের নিকট কঠিন মনে হলো। তারপর তিনি বললেনঃ তবে মুবাশশিরাত অব্যাহত থাকবে। সাহাবীগণ প্রশ্ন করেন, হে আল্লাহ্র রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)! মুবাশশিরাত কি? তিনি বললেন, মুসলিমের স্বপ্ন। আর তা নাবুওয়াতের অংশসমূহের একটি অংশ।

#### সনদ সহীহ।

আবৃ ঈসা বলেন, আবৃ হুরাইরা, হুযাইফা ইবনু আসীদ, ইবনু আব্বাস উম্মু কুরয ও আবৃ আসীদ (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান সহীহ, তবে এ সূত্রে মূখতার ইবনু ফুলফুলের রিওয়ায়াত হিসাবে গারীব।

## **English**

#### Anas bin Malik narrated:



"The Messenger of Allah (s.a.w) said: 'Indeed Messenger-ship and Prophethood have been terminated, so there shall be no Messenger after me, nor a Prophet.'" He(Anas) said: "The people were concerned about that, so he (s.a.w) said: 'But there will be Mubash-shirat.' So they said: 'O Messenger of Allah! What is Mubash-shirat?' He said: 'The Muslim's dreams, for it is a portion of the portions of Prophethood.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন